গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দেশের ৬৫৩ টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প
২৮-জি, সেগুনবাগিচা, ঢাকা
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
E-mail: pd.mmcr2018@gmail.com

**বিষয় : "দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) ১১তম (এগার) সভার কার্যবিবরণী।**

সভাপতি : কে, এম, রুহুল আমীন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
সভার স্থান : **জুম প্লাটফর্ম**
সভার তারিখ : ২১/১২/২০২২
সময় : সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্প পরিচালককে আলোচ্যসূচি অনুযায়ী পিআইসি সভা শুরু করার জন্য প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব) জনাব মোহাম্মদ তাইমুর রহমানকে অনুরোধ করেন। অত:পর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বিগত পিআইসি সভার (১৮/০১/২০২২ তারিখে) কার্যবিবরণী উপস্থাপন | প্রকল্প পরিচালক গত ১৮/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত ১০ম পিআইসি সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। | কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা | প্রকল্প পরিচালক সভাকে জানান, প্রকল্পের GDS-01 প্যাকেজের আওতায় লট-৩, লট-৪, লট-৫ ও লট-৬ এর টেন্ডার কার্যক্রম ই-জিপিতে শুরু করা হলে অর্থ বিভাগের পরিপত্র ০৭.০০.০০০০.১১১.০১.০০১.২০২২-৩৩৪ তারিখ : ০৩ জুলাই ২০২২ অনুসারে প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় এবং অর্থ বিভাগের পরিপত্র নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১ তারিখ ০৩ জুলাই ২০২২ অনুসারে ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের কম্পিউটার ও আনুষঙ্গিক অঙ্গে (৪১১২৩০৩) সর্বোচ্চ ৫০% ব্যয় করার বাধ্যবাধকতা থাকায় কম্পিউটার ও আনুষঙ্গিক অঙ্গে (৪১১২৩০৩) বরাদ্দকৃত অর্থ ১৬৮৮.৮৮ লক্ষ টাকার মধ্যে সর্বোচ্চ ৮৪৪.৪৪ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব। প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন এবং ব্যয়ের বাধ্যবাধকতা অব্যাহতি প্রদানের নিমিত্ত টিএমইডি থেকে সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হলে অর্থ বিভাগ হতে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্রটি অগ্রায়ন করা হয়েছে।<br><br>তিনি আরো জানান সে প্রেক্ষিতে GDS-01 প্যাকেজের লট-৩ ও লট-৫ এর ই-জিপিতে মূল্যায়ন প্রক্রিয়া সম্পাদন করে দরদাতা প্রতিষ্ঠানের সঙ্গে ক্রয়চুক্তি সম্পাদন করা হয়েছে। মালামাল সরবরাহ প্রক্রিয়াধীন।<br><br>উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যে লট-৪ ও লট-৬ এর টেন্ডার কার্যক্রম প্রকল্পের মেয়াদের মধ্যে সমাপ্ত করতে হলে প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তনে **প্রকল্প থেকে জোড় পদক্ষেপ নেয়া প্রয়োজন।** অন্যথায় প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। তিনি এ বিষয়ে প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন তাছাড়া লট-৩ ও লট-৫ এর মালামালের গুণগতমান নিশ্চিত হওয়া প্রয়োজন। | (ক) লট-৩ ও লট-৫ এর সরবরাহকৃত মালামালের গুণগতমান নিশ্চিত করার জন্য প্রকল্প পরিচালক জোড়দার পদক্ষেপ নিবেন।<br><br>(খ) প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন কিংবা প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রকল্প পরিচালককে জোড়দার উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক **"দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প** |
| ৩ | সরবরাহকৃত পণ্য প্রতিষ্ঠানের সচল রাখা | প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ইতোমধ্যে ৩২২টি মাদ্রাসায় সরবরাহকৃত মাল্টিমিডিয়া ক্লাসরুমের মালামালসমূহের বিক্রয়োত্তর সেবার মেয়াদ ছিল এপ্রিল/২০২২ পর্যন্ত। বিক্রয়োত্তর সেবার মেয়াদ শেষ হওয়ার পর সরবরাহকৃত মাল্টিমিডিয়া ক্লাসরুমের সরঞ্জামাদির কারিগরি ত্রুটি পরিলক্ষিত হলে মাদ্রাসার নিজস্ব ব্যবস্থাপনায় ত্রুটিসমূহ সমাধান করা প্রয়োজন কেননা ডিপিপিতে কোন ব্যয় ধরা নেই। এ পর্যায়ে উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) বলেন, ইতিপূর্বে লট-১ ও লট-২ এর সরবরাহকৃত মালামাল সচল রাখার উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্প পরিচালকে লিখিতভাবে জানানো হয়েছিল কিন্তু কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে সে তথ্য পাওয়া যায়নি। | (ক) ইতিপূর্বে মাদ্রাসায় সরবরাহকৃত মালামাল সচল রাখা নিশ্চিত করতে হবে।<br><br>(খ) সরবরাহকৃত মালামালে ত্রুটি পরিলক্ষিত হলে তা যেন মাদ্রাসার নিজ দায়িত্বে মেরামত/সমাধান করে সেই মর্মে প্রকল্প থেকে প্রতিটি মাদ্রাসায় পত্র প্রেরণ করতে হবে এবং রিসিভ কপি অধিদপ্তরে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক **"দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প** |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪ | বিবিধ | প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব) সভায় বলেন, প্রকল্পটি যথাযথভাবে পরিচালনার নিমিত্তে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক পদায়ন খুবই জরুরী।<br>উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জানান যে, প্রকল্প পরিচালকের পদায়নের জন্য অধিদপ্তর থেকে টিএমইডিতে পত্র প্রেরণ করা হয়েছে। | প্রকল্প পরিচালক পদায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব)<br>২। উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

21/12/22

কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং- মামি/PIC/সভা/২০১৮/ ৮৬৪ তারিখ : ২১/১২/২০২২ খ্রিষ্টাব্দ।

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :**

০১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
০৪. প্রধান, শিক্ষা উইং, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর।
০৫. প্রধান কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৬. প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭. যুগ্ম সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারী পরিবহন পুল ভবন, আঃ গণি রোড, ঢাকা।
০৮. যুগ্ম- প্রধান, এনইসি-একনেক এবং সমন্বয় শাখা, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
০৯. প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০. উপসচিব, উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারী পরিবহন পুল ভবন, আঃ গণি রোড, ঢাকা।
১১. উপসচিব, পরিকল্পনা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারী পরিবহন পুল ভবন, আঃ গণি রোড, ঢাকা।
১২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
১৩. সহকারী প্রধান/সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১৪. পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
১৫. উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি : (সদয় অবগতির জন্য)**

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

21/12/2022

মোহাম্মদ তাইমুর রহমান
প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব)
দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প